দামুড়হুদায় ভূমিহীনদের মাঝে ৪র্থ পর্যায়ে ঘর প্রদান

ভূমিহীন-গৃহহীন পরিবারকে ৪র্থ পর্যায়ে (২য় ধাপে) সারা দেশব্যাপী নির্ধারিত গৃহসমূহ উপকারভোগী ২২,১০১ টি ভূমিহীন-গৃহহীন পরিবারের নিকট জমি ও গৃহ সহ হস্তান্তর কার্যক্রমের (বিটিভি লিংকের মাধ্যমে) ভিডিও কনফারেন্সের মাধ্যেম শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আজ বুধবার সকাল সাড়ে ৮ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে জমিসহ গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেখানো হয়। এসময় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল এদেশকে সোনার বাংলাদেশে রূপান্তরিত করা এবং বাংলাদেশের যেন একটি পরিবারও গৃহহীন না থাকে। সেই লক্ষ্যে বর্তমান আওয়ামী লীগ সরকার কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, পার কৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিনসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।